প্রথম আলো

তারিখ 17 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ...

# দুর্নীতি প্রতিরোধে এবার কমিটি করবে শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর, অধিদপ্তর, শিক্ষা বোর্ড, জেলা, উপজেলা শিক্ষা কার্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে দুর্নীতিমুক্ত কর্মপরিবেশ প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে শিগগির একটি কমিটি গঠন করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় গতকাল রোববার এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় সিদ্ধান্ত হয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) বিভিন্ন কার্যক্রম তদারক করবেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)। এ ছাড়া শিক্ষা প্রকৌশল অধিদপ্তর দেখভাল করবেন অতিরিক্ত সচিব (উন্নয়ন)। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কার্যক্রম তদারক করবেন যুগ্ম সচিব (অডিট ও আইন)। এ ছাড়া সংশ্লিষ্ট যুগ্ম সচিব নিজ নিজ অনুবিভাগের কার্যক্রমের অহেতুক বিলম্ব ও দুর্নীতি রোধে উদ্যোগ নেবেন। বিজ্ঞপ্তি।